

■■ সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮৭৪

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৬৮. খারাপ নাম পরিবর্তন করে ভাল নাম রাখা সম্পর্কে।

باب فِي تَغْيِيرِ الإسْم الْقَبِيح

আরবী

حَدَّثَنَا النُّفَيْلِيُّ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا مَنْصُورُ بْنُ الْمُعْتَمِرِ، عَنْ هِلاَلِ بْنِ يِسَافٍ، عَنْ رَبِيعِ بْنِ عُمَيْلَةَ، عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُب، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ تُسَمِّيَنَّ غُلاَمَكَ يَسَارًا وَلاَ رَبَاحًا وَلاَ نَجِيحًا وَلاَ أَفْلَحَ فَإِنَّكَ تَقُولُ أَثَمَّ هُوَ فَيَقُولُ لاَ إِنَّمَا هُنَّ أَرْبَعُ فَلاَ تَزِيدَنَّ عَلَىً " .

বাংলা

৪৮৭৪. নুফায়লী (রহঃ) সামুরা ইবন জুনদুব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের ছেলেদের নাম- রাবাহ (উপকারী), ইয়াসার (ধনী), নাজীহ (মুক্ত) এবং আফলাহ রাখবে না। কেননা, তোমরা যখন জিজ্ঞাসা করবে, এখানে কি অমুক ব্যক্তি আছে? তখন অন্যরা বলবেঃ না। সামুরা (রাঃ) বলেনঃ এই চারটি নাম আমি বললাম। এর অধিক সম্পর্কে আমাকে কিছু বলবে না।

English

Samurah b. Jundub reported the Messenger of Allah (May peace be upon him) as saying:

Do not call your servant Yasar (wealth), Rabah (profit), Nijih(prosperous) and Aflah (successful), for you may ask; Is he there? And someone says: No. Samurah said: These are four (names), so do not attribute more to me.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন